

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৬২

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আন-নাসর

بَابِ وَمِنْ سُورَةِ الْفَتْح

## আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ، عَنْ شُعْبَةَ، عَنْ أَبِي بِشْرٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، رضى الله عنهما قَالَ كَانَ عُمَرُ يَسْأَلُنِي مَعَ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ أَتَسْأَلُهُ وَلَنَا بَنُونَ مِثْلُهُ فَقَالَ لَهُ عُمَرُ إِنَّهُ مِنْ حَيْثُ تَعْلَمُ فَسَأَلَهُ عَنْ هَذِهِ الآيَةِ: ( إذا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ ) فَقُلْتُ إِنَّمَا هُو أَجَلُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَعْلَمَهُ إِيَّاهُ وَقَرَأَ السُّورَةَ إِلَى آخِرِهَا فَقَالَ لَهُ عُمَرُ وَاللَّهِ مَا أَعْلَمُ مِنْهَا إِلاَّ مَا تَعْلَمُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي بِشْرٍ، بِهَذَا الإِسْنَادِ نَحْوَهُ إِلاَّ أَنَّهُ قَالَ فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ أَتَسْأَلُهُ وَلَنَا ابْنٌ مِثْلُهُ . هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

## বাংলা

৩৩৬২. আবদ ইবন হুমায়দ (রহঃ) ..... ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ উমার রাদিয়াল্লাহু আনহু সাহাবীদের সঙ্গে আমাকেও জিজ্ঞাস করতেন। একদিন আবদুর রহমান ইবন আওফ রাদিয়াল্লাহু আনহু তাকে বললেনঃ আপন একেও জিজ্ঞাসা করেন অথচ এর মত আমাদেরর সন্তান রয়েছে।

উমার রাদিয়াল্লাহু আনহু তখন তাকে বললেনঃ সে কে আপনি তা ভাল করে জানেন। তারপর তিনি তাকে (اياً وَالْفَتْحُ جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ) আয়াতিটি সম্পর্কে জিজ্ঞাসা করলেন।

শেষে আমি বললাম এতে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওফাতের ঈঙ্গিত রয়েছে। যা তাকে জানানো হয়েছে। এরপর তিনি সূরাটি শেষে পর্যন্ত তেলওয়াত করলেন। উমার রাদিয়াল্লাহু আনহু বললেনঃ



আল্লাহর কসম! তুমি যা জান এ বিষয়ে আমি এর চেয়ে বেশি কিছু জানি না।

সহীহ, বুখারি ৪৯৬৯, ৪৯৭০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৬২ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) থেকে একই সনদে অনুরূপ বর্ণিত আছে। তবে এতে আছে, আবদুর রহমান ইবন আওফ রাদিয়াল্লাহু আনহু তাকে বললেনঃ একেও আপনি জিজ্ঞাসা করেন অথচ এর মত আমাদের সন্তান রয়েছে?

## **English**

Ibn Abbas said:

"Umar used to ask me questions in front of the Companions of the Prophet. So Abdur-Rahman bin Awf said to him: 'Why do you ask him, while we have children like him?'" He said: "Umar said to him: 'It is because of what you know (about him).' So he asked him about this Ayah: 'When there comes the help of Allah and the Conquest.' I said: "It is only regarding the (end of the) life span of the Messenger of Allah, informing him of it." Then he recited the Surat until its end. So Umar said to him: "By Allah! I know not about it, but what you know."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন